

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”



বাংলাদেশ শিশু একাডেমি

সার্কিট হাউজ রোড, রাজশাহী

ফোন: ০২ ৫৮৮০১৩৭৪ bsarajshahi@gmail.com

মেমো নং- বাশিএ/রাজ/২০২৩-২৪/৯৯(১০০)

তারিখ- ১১/০২/২০২৪ খ্রি.

বিষয় : ৪ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২৪ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিতে শিশুদের অংশগ্রহণ প্রসঙ্গে।

ভাষা আন্দোলনের শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী জেলা শাখা, রাজশাহীর আয়োজনে স্থানীয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

বিভাগ	রচনার বিষয়	শব্দ সংখ্যা
গ-বিভাগ : ৫ম - ৭ম শ্রেণি পর্যন্ত	ভাষা আন্দোলনে ভাষা শহিদের অবদান	অনধিক ২০০ শব্দের মধ্যে
ঘ-বিভাগ : ৮ম - ১০ম শ্রেণি পর্যন্ত	ভাষা আন্দোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	অনধিক ৩০০ শব্দের মধ্যে
ঙ-বিভাগ : একাদশ থেকে দ্বাদশ পর্যন্ত	আ-মরি বাংলা ভাষা : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	অনধিক ৫০০ শব্দের মধ্যে

শর্তাবলী : ১। রচনা A4 সাইজ সাদা কাগজে স্বহস্তে প্রতিটি পাতায় এক পৃষ্ঠায় লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না। প্রত্যেক প্রতিযোগীকে নাম, পিতার নাম, মাতার নাম, নিজ শ্রেণি, বিদ্যালয়/প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। নতুবা রচনাটি বাতিল বলে গণ্য হবে। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের লিখিত রচনা আগামী ১৯.০২.২০২৪ তারিখ সোমবার বেলা ০৩.০০ টার মধ্যে শিশু একাডেমি, রাজশাহী কার্যালয়ে জমা দিতে হবে।

চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও ভাষার গান / দেশাত্মবোধক সংগীত প্রতিযোগিতার সময়সূচি ও নিয়মাবলী

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান
চিত্রাংকন প্রতিযোগিতা ২০/০২/২০২৪ সকাল ১০.০০ টায়	ক-বিভাগ : নার্সারী - শিশু শ্রেণি পর্যন্ত (বিষয় : ইচ্ছামত/শহিদ মিনার) খ-বিভাগ : ১ম শ্রেণি - ৩য় শ্রেণি পর্যন্ত। (বিষয় : শহিদ মিনার) গ-বিভাগ : ৪র্থ - ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত। (বিষয় : প্রভাতফেরি) ঘ-বিভাগ : ৭ম - ১০ম শ্রেণি পর্যন্ত। (বিষয় : ভাষা আন্দোলন) ঙ-বিভাগ : বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের চিত্রাংকন - বিষয় : ইচ্ছামত	শিশু একাডেমি রাজশাহীর মিলনায়তন
ভাষার গান/দেশগান প্রতিযোগিতা ২০/০২/২০২৪ বেলা ০৩.০০ টায়	খ-বিভাগ : ১ম শ্রেণি - ৩য় শ্রেণি পর্যন্ত গ-বিভাগ : ৪র্থ - ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত ঘ-বিভাগ : ৭ম - ১০ম শ্রেণি পর্যন্ত	শিশু একাডেমি রাজশাহীর মুক্ত মঞ্চ
আবৃত্তি প্রতিযোগিতা ২০/০২/২০২৪ বেলা ০৩.০০ টায়	ক-বিভাগ : নার্সারী - শিশু শ্রেণি পর্যন্ত (বিষয় : ইচ্ছামত যে কোন ছড়া) খ-বিভাগ : ১ম শ্রেণি - ৩য় শ্রেণি পর্যন্ত। (বিষয় : কুসুমকুমারী দাশের - আদর্শ ছেলে) গ-বিভাগ : ৪র্থ - ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত। (বিষয় : মহাদেব সাহার - এই অক্ষরে) ঘ-বিভাগ : ৭ম - ১০ম শ্রেণি পর্যন্ত। (বিষয় : শামসুর রাহমানের-বর্ণমালা, আমার দুগ্ধিনী বর্ণমালা)	শিশু একাডেমি রাজশাহী

যথাসময়ে অংশগ্রহণ করার জন্য অগ্রহী প্রতিযোগীদের আমন্ত্রণ জানানো হলো। উল্লেখ্য চিত্রাংকন প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করা যাবে এবং কার্টিজ পেপার ও কাগজ ছাড়া অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে। ভাষার গান/ দেশগান ও আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অগ্রহীদের ১৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়ে প্রতিযোগীদের নাম তালিকাভুক্ত করতে হবে। ২১ ফেব্রুয়ারি ২০২৪খ্রি. ০৮ ফাল্গুন ১৪৩০ব. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বিজয়ীদের রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি, মিলনায়তনে আলোচনা সভার পর পুরস্কার প্রদান করা হবে। বিকাল ৪.০০ ঘটিকায় বাংলাদেশ শিশু একাডেমির মুক্ত মঞ্চ সাংস্কৃতিক অনুষ্ঠান।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/সম্পাদক

১১.০২.২০২৪

মো. মঞ্জুর কাদের

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী

অনুলিপিঃ সদয় অবগতি/ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

- ১। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী
- ৩। উপ-পরিচালক, গণ যোগাযোগ অধিদপ্তর, রাজশাহী
- ৪। অফিস নথি